১১০

দৈনিক খবর

তারিখ 08 OCT 1991
পৃষ্ঠা 2 কলাম 9

# ক্যাম্পাসে সন্ত্রাস বিরোধী সমাবেশ

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগ (আ-অ) ও জাতীয়তাবাদী ছাত্রদল আলাদা আলাদা সন্ত্রাস বিরোধী মিছিল ও সমাবেশের আয়োজন করে।

মধুর ক্যান্টিনের সামনে আয়োজিত ছাত্রলীগের সমাবেশে বক্তৃতা করেন গোলাম মোস্তফা সুজন ও কামরুজ্জামান আনসারী। নেতৃবৃন্দ শিক্ষাঙ্গনের সন্ত্রাসসহ সকল সন্ত্রাস নির্মূলের জন্য সবাইকে সক্রিয়ভাবে অংশগ্রহণের আহবান জানান।

ছাত্রদলকে সন্ত্রাসের জন্য দায়ী করে গোলাম মোস্তফা সুজন বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ক্ষমতাসীন দলের ছাত্র সংগঠন এখন আধিপত্য বিস্তারে ব্যস্ত হয়ে পড়েছে। তাদের কারণে আজ শিক্ষা জীবন ব্যাহত হচ্ছে। তিনি ছাত্রদলকে সন্ত্রাসী কর্মকান্ড থেকে বিরত থাকার আহবান জানান।

কামরুজ্জামান আনসারী আজ অনুষ্ঠেয় রাষ্ট্রপতি নির্বাচনে বিচারপতি বদরুল হায়দার চৌধুরীর পক্ষে রায় দেয়ার জন্য সংসদ সদস্যদের প্রতি আহবান জানান।

অপরদিকে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল একই সময়ে ডাকসু ভবনের সামনে এক সংক্ষিপ্ত সমাবেশের আয়োজন করে। সমাবেশে বক্তৃতা করেন ইলিয়াস আলী ও আলী আক্কাস নাদিম। বক্তারা ডাঃ শামসুল আলম খান মিলন হত্যাকারীদের অবিলম্বে গ্রেফতারের দাবী জানিয়ে শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস দূর করার আহবান জানান।

মিলন হত্যার আসামীদের গ্রেফতার দাবী করে ইলিয়াস আলী বলেন, নীরু-অভি চক্র এখনও সন্ত্রাসের পরিকল্পনা করে শিক্ষা জীবনকে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছে। তিনি বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা ওয়াজেদকে আহবান জানান '৯০-এর গণ-আন্দোলনের বিশ্বাসঘাতকদের দল থেকে বহিষ্কার করার জন্য। বিবিসি'র সাক্ষাৎকারে শেখ হাসিনা নীরু-অভির সাথে ইলিয়াস আলীর তুলনা করলে তিনি ক্ষুব্ধ হয়ে বলেন, বিশ্বাসঘাতকদের সাথে আমাদের তুলনা করলে ছাত্র সমাজ তা মেনে নেবে না।